দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 MAR 2012
পৃঃ ৩ কলাম ৫

# বেসরকারি বিশ্ববিদ্যালয় সরকারি আইনের সুফল পেতে শুরু করেছে

**- শিক্ষামন্ত্রী**

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ইতিমধ্যে সরকারি আইনের সুফল পেতে শুরু করেছে। অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয় তাদের নিজস্ব ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম শুরু করেছে বা নির্মাণ কাজ চালাচ্ছে বা জমি কিনে অন্যান্য কার্যক্রম শুরু করেছে। এসব উদ্যোগের ফলে শীঘ্রই বেসরকারি উচ্চশিক্ষা খাতে দ্রুত গুণগত পরিবর্তন আসবে।

গত মঙ্গলবার আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশের (এআইইউবি) স্থায়ী ক্যাম্পাস বসুন্ধরা সংলগ্ন কুড়িল, কুড়াতলি রোডে ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ডা. আনোয়ারুল আবেদীন, ভাইস চ্যান্সেলর ড. কারমেন জেড ল্যামাগনা প্রমুখ বক্তব্য দেন।

উল্লেখ্য, শিক্ষা কার্যক্রমে সহায়ক একাডেমিক ভবন, গবেষণাগার, প্রশাসনিক ভবন, পরিবেশ সহায়ক ব্যবস্থা, বিনোদন ও খেলাধুলা, অডিটোরিয়াম, প্রার্থনা কক্ষ নির্মাণের লক্ষ্যে এআইইউবি স্থায়ী ক্যাম্পাসের জন্য প্রায় ২২ বিঘা ভূমি ক্রয় করেছে। আন্তর্জাতিকমানের ক্যাম্পাস নির্মাণের জন্য স্থাপত্য নকশা প্রণয়ন করেছেন থাইল্যান্ডের প্রথিতযশা স্থাপত্যবিদ অধ্যাপক সুনতন।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও প্রতিষ্ঠাতা ড. হাসানুল এ হাসান, প্রতিষ্ঠাতা ও ভাইস প্রেসিডেন্ট (জনসংযোগ) ইশতিয়াক আবেদীন, প্রতিষ্ঠাতা ও ভাইস প্রেসিডেন্ট (ছাত্র-ছাত্রী বিষয়ক) নাদিয়া আনোয়ার, ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ড. তফাজ্জল হোসেন প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।